



স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/২০২২

তারিখ ১১ জুলাই ২০২২খ্রি.

বিষয়: মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা (দাখিল মান) ও কারিগরি (ভোকেশনাল) প্রতিষ্ঠানসমূহে ক্রীড়া কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা (দাখিল মান) ও কারিগরি (ভোকেশনাল) প্রতিষ্ঠানসমূহে কর্মরত (সরকারি-বেসরকারি) শারীরিক শিক্ষার শিক্ষকগণ নিজে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করতঃ প্রতিষ্ঠানে ক্রীড়া কার্যক্রম পরিচালনা করবেন।

- ০১। প্রতিদিন প্রাত্যহিক সমাবেশসহ ক্রটিন অনুযায়ী শারীরিক শিক্ষার ক্লাস নেওয়ার পাশাপাশি (ইনডোর/আউটডোর) খেলাধুলায় সরাসরি প্রত্যেক শ্রেণির শিক্ষার্থীদেরকে নিয়ে ক্রটিন করে সরাসরি অংশগ্রহণ করতে হবে। প্রতিদিনের ক্রীড়া বিষয়টি ক্লাস ক্রটিনে অন্তর্ভুক্ত করতে হবে।
- ০২। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে যথাযথ প্রস্তুতি গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।
- ০৩। এ জন্য শ্রেণি ভিত্তিক অথবা বিদ্যালয় ভিত্তিক ক্রীড়া টিম গঠন করতে হবে। টিম গঠন করার জন্য www.phyedu.org ওয়েবসাইটে বিস্তারিত নির্দেশনা প্রদান করা আছে। আগামী গ্রীষ্মকালীন ক্রীড়ায় শারীরিক শিক্ষা বিভাগের ডাটাবেজে অন্তর্ভুক্ত না থাকলে ক্রীড়ায় অংশগ্রহণ করা যাবে না। টিম গঠন করার জন্য পূর্বের নির্দেশনাটি সংযুক্ত করে দেয়া হলো।
- ০৪। প্রতিষ্ঠান প্রধানদের প্রতি নির্দেশ দেয়া যাচ্ছে যে, শারীরিক শিক্ষার শিক্ষকদের নিজ বিষয়ের সর্বল দায়িত্ব পালনে বাধ্য করবেন।
- ০৫। শারীরিক শিক্ষা বিভাগের ওয়েবসাইটে ক্রীড়া বিষয়ে লেখালেখি, ক্রীড়া কর্মকাণ্ড সম্পর্কিত তথ্য এবং ক্রীড়া বিষয়ে ভিডিও প্রদানের জন্য একটি 'মাইক্রো ব্লগ সাইট' ওপেন করা হয়েছে। শারীরিক শিক্ষক এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীবৃন্দ ব্লগে সহজেই রেজিস্ট্রেশন করে ক্রীড়া বিষয়ে ব্লগ লিখতে পারবেন। উপরোক্ত ওয়েবসাইটের (www.phyedu.org) উপরের ডান কোণায় 'ব্লগ' অপশনে গিয়ে অথবা সরাসরি blog.phyedu.org তে গিয়ে ব্লগ লিখতে পারবেন।
- ০৬। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় বাৎসরিক ক্রীড়া কার্যক্রম পরিচালনা করবেন এবং এ সম্পর্কিত কার্যাবলি ব্লগে প্রকাশ করবেন।
- ০৭। প্রতিটি প্রতিষ্ঠান প্রধান এবং শারীরিক শিক্ষার শিক্ষকের সমন্বয়ে ক্রীড়া ফান্ডের জন্য ব্যাংকে আশাদা হিসাব খুলতে হবে (প্রধান শিক্ষক এবং শারীরিক শিক্ষকের যৌথ স্বাক্ষরে)। উক্ত অর্থ থেকেই বাৎসরিক ক্রীড়া কার্যক্রম পরিচালনা সহ প্রতিষ্ঠানের ক্রীড়ার উন্নয়নে অর্থ ব্যয় করতে হবে।

উপরোল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে কোনোরকম প্রতিবন্ধকতার সৃষ্টি হলে ওয়েবসাইটের 'অভিযোগ বাক্স' মেনুতে গিয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট অভিযোগ আকারে পত্র দাখিল করতে হবে। সকল জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিষয়টি গুরুত্বসহকারে মনিটরিং করবেন। উপরিউক্ত বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধান এবং শারীরিক শিক্ষার শিক্ষকদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আক্তারুজ্জামান জুঙ্গা)

উপপরিচালক, শারীরিক শিক্ষা

পক্ষে-মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ০২-৪১০৫০৪৪৮

Email: ddphysical@gmail.com

জেলা শিক্ষা অফিসার (সকল)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা শিক্ষা অফিসারের কার্যালয়

ফরিদপুর।

ইমেইল: faridpurdeo2008@yahoo.com



স্মারক নং- ৩৭.১০.২৯০০.০১.১০.১৮.১৮- ১০০ (১০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ফরিদপুর। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। সংরক্ষণ নথি।

তারিখ-২১/০৭/২০২২খ্রি:

(বিষ্ণু পদ ঘোষাল)

জেলা শিক্ষা অফিসার